চুয়াডাঙ্গার নীলমনিগঞ্জে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা

চুয়াডাঙ্গা সদর উপজেলার নীলমনিগঞ্জ বাজারে নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমানের নেতৃত্বে গতকাল মঙ্গলবার ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালিত হয়।

মেয়াদোত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে ঔষধ আইন ১৯৪০ এর ১৮ ও ২৭ ধারায় মোস্তফা মেডিকেল হলকে ৫০০০/- টাকা এবং সাহা ফার্মেসিকে ২০০০/- জরিমানা করেন।

ডিলিং লাইসেন্স না থাকায় সাহা সাইকেলকে অত্যাবশকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন ১৯৫৬ এর ৫৩ ধারায় ১০০০/- টাকা জরিমানা করেন।

এ সময় উপস্থিত ছিলেন ঔষধ প্রশাসনের সহকারী পরিচালক কে এম মুহসীনিন মাহবুব। সদর থানা পুলিশের একটি চৌকস দল এতে সহযোগিতা করে। জনস্বার্থে এ অভিযান চলতে থাকবে।

মুজিবনগরে ভ্রাম্যমাণ আদালতে ফার্মেসিতে জরিমানা

মুজিবনগরে ঔষধ ফার্মেসিতে অভিযান চালিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল মঙ্গলবার দুপুরে মুজিবনগর উপজেলার মহাজনপুর বাজারের কেফায়েত ফার্মেসি ও মেডিসিন গ্যালারি ফার্মেসিতে এ অভিযান চালানো হয়।

এ সময় মেয়াদোত্তীর্ণ ঔষধ রাখার দায়ে কেফায়েত ফার্মেসীর প্রোপ্রাইটর বাবুপুর গ্রামের মোবারক হোসেনের ছেলে মিরাজুল ইসলামের কাছ থেকে দশ হাজার টাকা ও মেডিসিন গ্যালারি ফার্মেসিকে ফিজিশিয়ান স্যাম্পল পাওয়ায় এক হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নাজমুল আলম।

তিনি জানান, অভিযান চলাকালীন মেয়াদোত্তীর্ণ ঔষধ রাখা ও ফিজিশিয়ান স্যাম্পল পাওয়ায় ড্রাগ আইন ১৯৪০ এর ২৭ ধারা অনুসারে দুই ফার্মেসিতে জরিমানা করা হয়।

অভিযান চলাকালীন ঔষধ প্রশাসন অধিদপ্তরের জেলা কার্যালয় এর সহকারী পরিচালক কে এম মুহশীনিন মাহবুব উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় সেলাই মেশিন, স্যানিটারি প্যাড, টিফিন বক্স, ডাস্টবিন ও মাস্ক বিতরণ

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদে সেলাই মেশিন, স্যানিটারি প্যাড, টিফিন বক্স, ডাস্টবিন ও মাস্ক বিতরণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার (৯ ফেব্রুয়ারি) হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব মোঃ নিজাম উদ্দীনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার জনাব দিলারা রহমান। এছাড়া আরো উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আবু সাঈদ খোকনসহ আরো অনেকে।

উক্ত অনুষ্ঠানে গরীব অসহায় মহিলাদের মাঝে সেলাই মেশিন তুলে দেন উপস্থিত অতিথি বৃন্দ। এ সময় স্যানিটারি প্যাড, টিফিন বক্স, ডাস্টবিন ও মাস্ক বিতরণ করা হয়।

কালীগঞ্জে অবৈধ ইট ভাটা গুড়িয়ে দিল প্রশাসন

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বারবাজার এলাকায় অননুমোদিত ইট ভাটায় পুড়ছে কাঠ এ নিয়ে বিভিন্ন পত্র পত্রিকায় খবর প্রকাশিত হওয়ার পর অভিযান চালিয়ে প্রস্তুতকৃত কাঁচা ইটে পানি মেরে ও টিনের চিমনি ভেঙে দিয়েছেন প্রশাসন। পাশাপাশি ভাটার মালিকে ৫০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

গত সোমবার (৮ ফেব্রুয়ারি) দুপুরে উপজেলার বারবাজার পিরোজপুর গ্রামে জে কে বি ইট ভাটায় এ অভিযান পরিচালনা করা হয়। ভ্রাম্যমাণ আদালতের বিচারক সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ জিন্নাতুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, অভিযান চলাকালে জে কে বি ইটভাটা মালিক জয়নাল আবেদীন পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র এবং ইট পোড়ানোর জন্য জেলা প্রশাসনের লাইসেন্স দেখাতে ব্যর্থ হয়। পরে ফায়ার সার্ভিসের একটি ইউনিট দিয়ে ভাটা প্রস্তুতকৃত কাঁচা ইট পানি ঢেলে নষ্ট করে এবং পাশাপাশি ভাটার দুটি টিনের চিমনি ভেঙে দেওযা হয়।

ইট ভাটা প্রস্তুত আইনের সকল নিয়ম কানুন মেনে ভাটা পরিচালনার নির্দেশনা দেয় নির্বাহী ম্যাজিস্ট্রেট। এর ব্যত্যয় ঘটলে অবৈধ ভাটা ধ্বংস করার নির্দেশনাও দেন। কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, উপজেলা নির্বাহী কর্মকর্তা সূবর্ণা রানী সাহার নির্দেশনায় ফায়ার সার্ভিসের একটি ইউনিট দিয়ে ভাটা প্রস্তুতকৃত কাঁচা ইট পানি ঢেলে নষ্ট করে এবং পাশাপাশি ভাটার দুটি টিনের চিমনি ভেঙে দেওযা হয়।

নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ জিন্নাতুল ইসলাম জানান, প্রয়োজনীয় অনুমোদন ছাড়াই ইটভাটাতে টিনের চিমনি ও কাঠ দিয়ে ইট পোড়ানো হচ্ছিলো। এ জন্য অভিযান পরিচালনা করেছি। অভিযান এখনো চলমান আছে। অবৈধ ইটভাটার বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে বলে জানান তিনি।

এ দিকে, জেলা প্রশাসনের কঠোর হুঁশিয়ারি থাকা সত্ত্বেও সরকারি আইন অমান্য করে উপজেলায় প্রভাবশালীদের ছত্রছায়ায় যত্রতত্র ইট ভাটা গড়ে উঠছে। কোনো নিয়ম-নীতির তোয়াক্কা না করে শিক্ষা প্রতিষ্ঠানের কাছাকাছি এবং ফসলি জমিতেও গড়ে উঠেছে ইট ভাটা।

উল্লেখ্য, কালীগঞ্জে অধিকাংশ ইট ভাটা বাজারের পাশে লোকালয়ে, শিক্ষা প্রতিষ্ঠানের কাছাকাছি, ফসলি জমি ও বসতি এলাকায় গড়ে উঠেছে। এতে করে প্রাকৃতিক বিপর্যয় দেখা দিচ্ছে। ক্ষতিগ্রস্ত হচ্ছে এসব এলাকার উদ্ভিদ। বাড়ছে মানুষের শ্বাসকষ্টজনিত সমস্যা। বেশ কয়েকটি ট্রাক্টর দিয়ে কৃষি জমির টপ সয়েল (জমির উপরিভাগের মাটি) এনে ইট তৈরিতে ব্যবহার করা হয়।

মেহেরপুরে ভুট্টা-মটরশুটি চাষে নতুন প্রযুক্তির মাঠ দিবস

মেহেরপুরে ভুট্টা ক্ষেতের মধ্যে মটরশুটি আবাদে সাফল্য অর্জন করেছেন বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সিটিউটের (বারি) গবেষকরা। জেলার চেংগাড়া গ্রামের মাঠে কৃষক আব্দুল খালেকের জমিতে আবাদের এ সফলতা তুলে ধরা হয়েছে এলাকার বিভিন্ন কৃষকদের মাঝে। একই খরচে দুটি ফসল আবাদ করতে পেরে চাষিদের লাভ এখন দ্বিগুণ।

গতকাল মঙ্গলবার দুপুরে চেংগাড়া মাঠে আয়োজিত মাঠ দিবসে এ প্রযুক্তির বিস্তারিত বর্ণনা দেন বারির গবেষকরা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বারি প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. দেলোয়ার আহম্মেদ চৌধুরী। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বারি পাবনা গবেষণা কেন্দ্রের পরিচালক ড. দেবাশিস সরকার।

উপস্থিত ছিলেন ভুট্টার সাথে মটরশুটি প্রযুক্তির উদ্বাবক ড. শাহীনুজ্জামান, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক স্বপন কুমার খাঁ, গাংনী উপজেলা কৃষি অফিসার কেএম শাহাবুদ্দিন আহম্দেসহ বারি গবেষকবৃন্দ।

ঝিনাইদহে ৫ বছরের শিশুকে ধর্ষণের অভিযোগে বৃদ্ধ গ্রেফতার

ঝিনাইদহের শৈলকুপায় উপজেলার রয়েড়া গ্রামের ৫ বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগে তরিকুল জোয়ার্দ্দার (৫০) নামের এক বৃদ্ধকে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার সকালে তাকে গ্রেফতার করা হয়।

শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর আলম জানান, অভিযুক্ত তরিকুল জোয়ার্দ্দারের সাথে নির্যাতিতা শিশুটির বাবার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ছিল।

রবিবার বিকেলে তরিকুল ওই বাড়িতে যায়। সেখানে কাউকে না পেয়ে ঘরের মধ্যে শিশুটিকে ধর্ষণ করে। শিশুটির চিৎকারে তার মা এগিয়ে এলে তরিকুল পালিয়ে যায়। পরে তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

এ ঘটনায় সোমবার রাতে শৈলকুপা থানায় শিশুটির চাচা বাদী হয়ে একটি মামলা দায়ের করে। মামলা দায়েরের পর অভিযান চালিয়ে পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করে।

চুয়াডাঙ্গায় নির্মাণাধীন বাড়ির রাস্তা দখলের অভিযোগ

চুয়াডাঙ্গা শহরের নির্মাণাধীন বাড়ির রাস্তা দখল করে বন্ধ করার অভিযোগ তুলে একযোগে ১৫টি পরিবার সংবাদ সম্মেলন করেছে।

মঙ্গলবার দুপুরে চুয়াডাঙ্গা প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলনের

আয়োজন করা হয়।

অভিযোগকারীরা লিখিত বক্তব্যে বলেন, অভিযুক্ত দখলকারী ফরিদপুরের মধুখালী থানার ওসি আমিনুল ইসলাম ক্ষমতার অপব্যবহার করছেন। তিনি অন্যায়ভাবে রাস্তা বন্ধ করে দিচ্ছেন।

বিষয়টি নিয়ে পর্যায়ক্রমে পৌর পরিষদ, পুলিশ প্রশাসন ও জেলা প্রশাসকের কাছে অভিযোগ দেয়া হয়। কিন্তু কিছুতেই প্রতিকার মিলছে না। অভিযুক্ত ওসির পরিবার নানাভাবে হয়রানি করছে।

অভিযোগকারীদের পক্ষে লিখিত বক্তব্য পাঠ করেন, ভুক্তভোগী পরিবারের সদস্য জিয়াউল কবির।

সংবাদ সম্মেলনে ভুক্তভোগি ১৫ পরিবারের পক্ষে উপস্থিত ছিলেন, রেনু খাতুন, নাজনীন নাহার, আখতার হোসেন, জিল্লুর রহমান, আব্দুল মতিন, রিমা, মো. কামরুজ্জামান, শামীমা নাসরিন, মর্জিনা খাতুন, আকবর আলী, আসমা খাতুন, মহিদুল ইসলাম, আকরামুল হক, শায়লা শারমিন ও আব্দুস সবুর।

আগামীকাল শুরু হচ্ছে শ্রী শ্রী রটন্তী কালী পূজা

শীতের আগমণে প্রকৃতি শান্ত সাজে সজ্জিত। এমনই এক স্নিগ্ধি পরিবেশে আগামী ১০ ফেব্রুয়ারি থেকে আগামী ১৪ ফেব্রয়ারি ৫ দিন ব্যাপী দ্বিতীয়বারের মত আমঝুপি শ্মশানঘাট মন্দিরে অনুষ্ঠিত হবে শ্রী শ্রী রটন্তী কালী পূজা।

এ উপলক্ষে ১ম দিন ১০ ফেব্রুয়ারি সন্ধ্যা ৬টায় আমঝুপি শ্রী শ্রী রাধা মধাব মন্দির হতে শ্মশানঘাট পর্যন্ত শোভাযাত্রা, প্রতিমা স্থাপন, পূজা, প্রসাদ বিতরণের ও নানান আয়োজনে আগামী ১৪ ফেব্রয়ারি প্রতিমা বিসর্জনের মধ্যদিয়ে অনুষ্ঠানের সমাপ্ত হবে।

[redacted]

[redacted]

জনের বিরুদ্ধে দায়ের করা হয়েছে মাদক আইনে মামলা।

বাড়িতে তুলে দেওয়া হোক, না হয় আত্মহত্যার অনুমতি দেয়া হোক

নিজের বসতভিটা নাতির নামে লিখে দেয়ার কারণে পুত্রবধূর কাছে থেকে বিতাড়িত হওয়ায় মুসা করিম নামের ৮০ বছরের এক বৃদ্ধ আত্মহত্যার জন্য অনুমতি চেয়ে মেহেরপুর জেলা প্রশাসকের কাছে আবেদন করেছেন।

মঙ্গলবার সকালে মুসা করিম জেলা প্রশাসক বরাবর এ আবেদন করেন। মুসা করিম মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামের মৃত ফজের হালসানার ছেলে। আবেদনপত্রে তিনি বলেন, দীর্ঘ ৫০ বছর যাবৎ আমি আমার বসত বাড়ীতে বসবাস করে আসছি। আমার স্ত্রী সহ সন্তানাদি ও নাতি নাতনী আছে। সবার জন্য আমার জমির অংশ মোতাবেক ভাগ করে দিয়েছি। অবশিষ্ট যে বাড়ির জায়গাটি রয়েছে সেটি আমার নাতী আকাশের নামে লিখে দিয়েছি। বিষয়টি জানতে পেরে আমার বড় ছেলে লালচাঁদ ও তার স্ত্রী আসমা খাতুন আমাকে ও আমার নাতী আকাশকে বাড়ি থেকে বের করে দিয়েছে। অনেক জায়গায় ঘুরেছি কিন্তু কেউ আমাকে বাড়িতে ফিরে যাওয়ার ব্যবস্থা কেউ করে দিতে পারেনি। যে কারণে বাধ্য হয়ে আত্মহত্যার অনুমতি চেয়ে জেলা প্রশাসকের কাছে আবেদন করেছি।
বৃদ্ধ মুসা করিম আরও বলেন, হয় আমাকে আমার বসত বাড়ীতে ফিরে যেতে দিতে হবে, নতুবা আমাকে আত্মহত্যার অনুমতি দিতে হবে। বৃদ্ধ মুসা করিম মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় বিষের বোতল হাতে করে উপস্থিত হলে সেখানে উৎসুক জনতা ভিড় জমায়।

এ বিষয়ে মানবাধিকারকর্মী আসাদুজ্জামান সেলিম বলেন, কিছু দিন আগে স্থানীয় পত্রিকা মেহেরপুর প্রতিদিন এবিষয়ে একটি সংবাদ প্রকাশিত হয়, প্রকাশিত সংবাদের ভিত্তিতে আমরা কোমরপুর গ্রামে মুসা করিমের বাড়িতে যায়। স্থানীয় জনপ্রতিনিধিদের কাছে বিচার দিয়ে দীর্ঘ ৬ মাস যাবৎ কোনো প্রতিকার না পেয়ে আজকে মুসা করিম বিষের বোতল হাতে নিয়ে আত্মহত্যার জন্য অনুমতি চেয়ে মেহেরপুর জেলা প্রশাসকের কাছে আবেদন করে।